

DD (ATM)
১৪/১০/২২

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd



নথি নং-৩০.৩১.০০০০.২২১.১৪.১৮৮.১৭. ২৬২৫

তারিখ: ২৯-০৯-২০২২ খ্রিঃ।

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ মাসুদ রানা রনি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের রেডিও টেকনিশিয়ান পদে নিয়োগপ্রাপ্ত হয়ে বিগত ১৬/০৭/২০১৭ তারিখ চাকরিতে যোগদান করেন এবং প্রশিক্ষণ শেষে শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রামে কর্মরত থাকাবস্থায় গত ২১/০৩/২০২১ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন;

২.০ যেহেতু, উক্ত দপ্তর কর্তৃক গত ২৮/০৪/২০২১ তারিখ কৈফিয়ত তলব করা হলে তিনি পত্র গ্রহণ করেন কিন্তু কোন জবাব দাখিল করেননি এবং পরবর্তীতে সদর দপ্তর হতেও ব্যাখ্যা তলব করে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় গত ১৩/১০/২০২১ ও ১৬/১১/২০২১ তারিখ পত্র দেওয়া হলে তিনি কর্তৃপক্ষের কোন পত্রের জবাব প্রদান না করে দীর্ঘদিন যাবৎ কর্মস্থলে অনুপস্থিত থাকেন;

৩.০ যেহেতু, তার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর পর্যায়েভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় উপর্যুক্ত অপরাধে তার বিরুদ্ধে স্মারক নং-৩০.৩১.০০০০.২২১.১৪.১৮৮.১৭.৫৪৩ তারিখ: ২৪/০৫/২০২২ মূলে বিভাগীয় মামলা নং-০৭/২০২২ রুজু করা হয় এবং বর্ণিত অভিযোগ হেতু কেন তাকে উক্ত প্রবিধানমালার ৫০(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্ত' করা হবে না এ মর্মে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানসহ তিনি ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

৪.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে তিনি বিভাগীয় মামলার জবাব দাখিল না করায় বা ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ না করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত হলে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

৫.০ যেহেতু, তার বিরুদ্ধে আনীত 'পলায়ন' এর অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তার বরাবর দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

৬.০ যেহেতু, তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করে তার বাবার অসুস্থতাসহ পারিবারিক কারণে চাকরি করতে অপারগ মর্মে চাকরি হতে অব্যাহতি প্রদানের আবেদন জানান; এবং

৭.০ যেহেতু, তার বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত পলায়নের অভিযোগ, তদন্তকারী কর্মকর্তা তদন্তে প্রাপ্ত বক্তব্য ও তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে মতামত প্রদান করেন যে, তিনি কর্তৃপক্ষের সাথে যোগাযোগ না করে ইচ্ছাকৃতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন যা অভিযোগের সত্যতা যথার্থ বলে প্রতীয়মান। জনাব মোঃ মাসুদ রানা রনি, রেডিও টেকনিশিয়ান একনাগারে ৬০ (ষাট) দিনের অধিক অনুপস্থিত থাকায় এবং তার পলায়নের অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯(গ) বিধি অনুযায়ী তাকে 'পলায়ন'-এর দায়ে দোষী সাব্যস্ত করে গুরু দণ্ড প্রদানপূর্বক বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

৮.০ সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর ৫০(১)(খ)(উ) প্রবিধি অনুযায়ী জনাব মোঃ মাসুদ রানা রনি, রেডিও টেকনিশিয়ান কে বেবিচকের রেডিও টেকনিশিয়ান পদের 'চাকরি হতে বরখাস্ত' করা হলো এবং তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ এতদ্বারা নিষ্পত্তি করা হলো।

৯.০ এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৯/৯/২০২২
মোঃ মিজানুর রহমান
সদস্য (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

৮৯০১০৬৮

বিতরণ:

- ১। নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
- ২। পরিচালক (অর্থ)/পরিচালক (সিএনএস), সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (পত্রটি সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। পরিচালক, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম।
- ৪। উপ-পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (হিসাব), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
- ৫। জনাব মোঃ মাসুদ রানা রনি, পিতা-মোঃ আব্দুস সালাম, রেডিও টেকনিশিয়ান (বরখাস্তকৃত), বেবিচক।
বর্তমান ঠিকানা: ২৪১/২, মান্নান টাওয়ার, তেজকুনিপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।
স্থায়ী ঠিকানা: গ্রাম-বারুয়াখালী, পোস্ট-হাট বারুয়াখালী, থানা-নবাবগঞ্জ, জেলা-ঢাকা।